# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**03-06-2026** **Time: 1.30 PM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু আজ সুসংহত উপজাতি উন্নয়ন সংস্থা এবং উপজাতি উন্নয়ন প্রকল্পগুলির জাতীয় সম্মেলনের উদ্বোধন করেছেন।

# তিনি দেশের উপজাতি সম্প্রদায়ের উন্নয়নের ওপর জোর দিয়েছেন।

২/ ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ডেলসি রডরিগেজ, পাঁচ দিনের সফরে ভারতে আসছেন।

৩/ ২০২৫ সালে সৌরশক্তি উৎপাদন ক্ষমতা বৃদ্ধির নিরিখে, ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ হিসেবে উঠে এসেছে।

৪/ দিল্লির মালব্য নগরে আজ সকালে একটি রেস্তোরাঁয় আগুন লেগে ২১ জনের মৃত্যু হয়েছে। ৪০ জন আহত।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনায় শোক প্রকাশ করেছেন।

৫/ তৃণমূল কংগ্রেসের বহিষ্কৃত বিধায়ক ঋতব্রত ব্যানার্জি, পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতা হিসেবে মনোনীত হওয়ার দাবি করেছেন।

৬/ ভারত, আজ মহিলাদের সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে, ভুটানের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু আজ সুসংহত উপজাতি উন্নয়ন সংস্থা এবং উপজাতি উন্নয়ন প্রকল্পগুলির জাতীয় সম্মেলনের উদ্বোধন করেছেন। নতুনদিল্লীতে তাঁর উদ্বোধনী ভাষণে, রাষ্ট্রপতি বলেন, দেশের উপজাতি সম্প্রদায় সাংস্কৃতিক দিক থেকে অত্যন্ত সমৃদ্ধ। তাদের উন্নয়নের জন্য উদ্যোগ নেওয়া

দরকার। রাষ্ট্রপতি বলেন, আমাদের দেশে এখনও উপজাতি সম্প্রদায়ের এমন কিছু মানুষ রয়েছেন, যারা সরকারের বিভিন্ন প্রকল্প বিষয়ে জানেন না।

Byte- President Murmu

২০২৬ সালে, দেশ জুড়ে জনজাতীয় গরিমা উৎসব উদযাপনের অঙ্গ হিসেবে, এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। দেশের ২৬ টি রাজ্য ও ৪ টি কেন্দ্র শাসিত অঞ্চলের প্রতিনিধিরা এই সম্মেলনে অংশ নিয়েছেন।

oooooooooooooooooooooo

ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ডেলসি রডরিগেজ, পাঁচ দিনের সফরে ভারতে আসছেন । শ্রীমতী রডরিগজের সঙ্গে আসছেন বিদেশ মন্ত্রক, অর্থনীতি, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের সদস্যদের নিয়ে গঠিত এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল।
নতুন দিল্লিতে গতকাল বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, ডেলসি রডরিগেজ এই সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। এই বৈঠকে, বাণিজ্য বিনিয়োগ, শক্তি, পুনর্নবীকরণযোগ্য শক্তি, স্বাস্থ্য পরিষেবা ও ফার্মাসিউটিক্যালস সহ বিভিন্ন ক্ষেত্রে মতবিনিময় হবে।

বিদেশ মন্ত্রক আরো জানিয়েছে, ভারতীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি ভেনেজুয়েলার শক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে এবং তারা আরো নতুন সুযোগ তৈরী করতে কাজ করছে। ভেনেজুয়েলার ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির এই সফরে, দ্বিপাক্ষিক সম্পর্ক আর মজবুত হ ওয়ার পাশাপাশি দুদেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরো গভীর হবে বলে আশা করা হচ্ছে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ- CBSE জানিয়েছেন, ইতিমধ্যেই প্রায় ৪০ হাজার ছাত্র ছাত্রি উত্তরপত্র পুনর্মুল্যায়নের জন্য আবেদন পত্র জমা দিয়েছে। এক্ষেত্রে তাদের কোনও অসুবিধা হয়নি। CBSE-এর পক্ষ থেকে গতকাল, দ্বাদশ শ্রেণির পরীক্ষার্থীদের জন্য উত্তপত্র মূল্যায়ন এবং উত্তরপত্রগুলির

স্ক্যান করা কপি যাচাইয়ের জন্য একটি অনলাইন পোর্টাল চালু করেছে। তবে, যে সব ছাত্র ছাত্রি তাদের উত্তরপত্রের স্ক্যান করা কপি সংগ্রহ করেছে, কেবলমাত্র তারাই এই সুবিধা নিতে পারবে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে, পর্ষদ জানিয়েছেন, এই পোর্টালটিতে পুনর্মুল্যায়ন সংক্রান্ত আবেদন করার জন্য, SBI, Canara Bank, Bank of Baroda এবং Indian Bank-এর পেমেন্ট গেটওয়ে ব্যাবহার করা যাবে। এ জন্য, সংশ্লিষ্ট পরিক্ষার্থিদের ওই ব্যাঙ্কগুলিতে কোনও অ্যাকাউন্ট থাকার দরকার নেই।

oooooooooooooooooooooo

ভারতের BRICS প্রেসিডেন্সির আওতায় আজ ওড়িশার পুরীতে BRICS বিপর্যয়ের ঝুঁকি হ্রাস কর্মীগোষ্ঠীর প্রথম প্রযুক্তিগত বৈঠক শুরু হবে। তিন দিনব্যাপী এই বৈঠকে ব্রিকস সদস্যভুক্ত দেশগুলির প্রতিনিধি, নীতিনির্ধারক এবং বিপর্যয় ব্যবস্থাপনা বিশেষজ্ঞরা যোগ দিচ্ছেন। ব্রাজিল, রাশিয়া, চীন, দক্ষিণ আফ্রিকা, সৌদি আরব, মিশর, সংযুক্ত আরব আমিরশাহী, ইথিওপিয়া, ইরান এবং ইন্দোনেশিয়া এই এগারোটি দেশের প্রতিনিধিরা এতে অংশ নেবেন। বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাকে শক্তিশালী করে দক্ষিনী বিশ্বের সুস্থায়ী উন্নয়ন তরান্বিত করা এই বৈঠকের লক্ষ্য। বিপর্যয় মোকাবিলা ক্ষেত্রে ওড়িশার বিশ্ব পর্যায়ের স্বীকৃতির বিষয়টিকে মাথায় রেখেই ওড়িশাকে আয়োজক রাজ্য হিসেবে নির্বাচিত করা হয়েছে। ঘূর্ণিঝড় ব্যবস্থাপনা, নাগরিকদের যুক্ত করে বিপর্যয়ের আগাম সতর্কতা ব্যবস্থা এবং দক্ষতাপূর্ন পুনরুত্থান ও ত্রাণ ব্যবস্থার ক্ষেত্রে ওড়িশা কৃতিত্বের স্বাক্ষর রেখেছে।

oooooooooooooooooooooo

২০২৫ সালে সৌরশক্তি উৎপাদন ক্ষমতা বৃদ্ধির নিরিখে, ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম দেশ হিসেবে উঠে এসেছে। কেন্দ্রীয় নতুন ও পুনর্নবিকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ জোশী আজ নতুন দিল্লিতে বলেছেন, সৌর শক্তি উৎপাদন ক্ষমতা বৃদ্ধির নিরিখে ভারত মার্কিন যুক্তরাষ্ট্রকে ছাড়িয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের নীতিগত সমর্থন, উদ্ভাবন এবং বিশ্বমানের পরিকাঠামোর জন্যই এই

সফলতা এসেছে। মন্ত্রী জানান, পুনর্নবিকরণযোগ্য শক্তি ক্ষেত্রে দেশের অবস্থানকে সংহত করে বিশ্বের মধ্যে অগ্রণী দেশ হিসেবে, উঠে আসার লক্ষ্যে ভারত কাজ চালিয়ে যাচ্ছে।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট আরাবল্লি পর্বত মালা বিষয়ে কেন্দ্রীয় সরকারের রিপোর্ট পর্যালোচনা করার জন্য একটি উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। Indian Council of Forestry Research and Education-এর মহানির্দেশক কাঞ্চন দেবীর নেতৃত্বে গঠিত এই কমিটিকে ৩১-শে আগস্টের মধ্যে তাদের পর্যালোচনা রিপোর্ট সর্বোচ্চ আদালতের কাছে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

দিল্লির মালব্য নগরে আজ সকালে একটি রেস্তোরাঁয় আগুন লেগে ২১ জনের মৃত্যু হয়েছে। ৪০ জন আহত হয়েছেন। আগুন লাগার পর দমকলের ৮ টি ইঞ্জিন আগুন নেভানোর কাজ করে। দমকল সূত্রে জানা গেছে, বেশ কয়েকজনকে নিরাপদে উদ্ধার করা হয়েছে। কীভাবে আগুন লাগল, তা খতিয়ে দেখা হচ্ছে।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এই গতনায় শোক প্রকাশ করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে উপরাষ্ট্রপতি, আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাণহানির ঘটনায় শোক প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী এই ঘটনায়, নিহতদের নিকটাত্মীয়দের জন্য তাঁর ত্রান তহবিল থেকে এক কালীন ২ লক্ষ টাকা করে সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছেন। আহতদের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে দেওয়া হবে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তাও এই ঘটনায় শোক প্রকাশ করেছেন। তিনি বলেছেন, তাঁর সরকার, ঘটনার ওপর নজর রাখছে এবং আহতদের চিকিৎসার উদ্যোগ নিয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্য সবরকম সহায়তা দেওয়া হবে বলে তিনি জানান।

oooooooooooooooooooooo

প্রবীণ কংগ্রেস নেতা ডি কে শিবকুমার আজ কর্ণাটকের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন। বিকেলে বেঙ্গালুরুর লোক ভবনে রাজ্যপাল থাওয়ার চাঁদ গেহলট শিবকুমার ও মন্ত্রিসভার অন্য সদস্যদের পদ ও মন্ত্রগুপ্তির শপথ বাক্য পাঠ করাবেন। সিদ্দারামাইয়া মুখ্যমন্ত্রীর পদ থেকে সরে দাঁড়ানোর পর ডিকে শিবকুমারের পরবর্তী মুখ্যমন্ত্রী হওয়ার পথ পরিস্কার হয়ে যায়। উল্লেখ্য দীর্ঘদিন ধরে কর্ণাটক কংগ্রেসে ক্ষমতা দখল নিয়ে দ্বন্দ্ব চলছিল। ২০২৩ সালে বিধানসভা নির্বাচনে কংগ্রেসের জয়লাভের পর মুখ্যমন্ত্রীর পদের দাবীদার ছিলেন তিনি।
ইতোমধ্যে কংগ্রেস, প্রবীণ নেতা সিদ্দারামাইয়াকে কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য নির্বাচিত করেছে।

oooooooooooooooooooooo

ইরান গতকাল বাহরিন ও কুয়েতে মার্কিন সামরিক লক্ষ্যবস্তুর ওপর ইরান আক্রমণ চালিয়েছে। ওয়াশিংটন ইরানের সামরিক ঘাঁটিগুলির ওপর হামলা চালানোয় তার জবাবে ইরান এই আক্রমণ চালায়। এর ফলে, দু দেশের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে এবং পশ্চিম এশিয়ায় সংঘর্ষ বিরতির ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। মার্কিন সেনাবাহিনীর সেন্ট্রাল কম্যান্ড জানিয়েছে, তাদের সেনাবাহিনী ইরানের একটি জাহাজকে তাদের বন্দরে যাওয়ার সময়ে বাধা দিলে দুদেশের মধ্যে নতুন করে সংঘর্ষ শুরু হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের একটি ক্ষেপণাস্ত্র সংশ্লিষ্ট জাহাজটির ইঞ্জিন রুমে আঘাত হানে।

এদিকে, ইরানের সেনাবাহিনী বলেছে, মার্কিন বাহিনী ইরানের কেশম দ্বিপে দক্ষিণে একটি যোগাযোগ কেন্দ্রে হামলা চালালে তেহরান ক্ষেপণাস্ত্র এবং ড্রোন সহযোগে বাহ্রিন এবং কুয়েতে মার্কিন সামরিক অবস্থানের ওপর আক্রমণ চালিয়েছে। অন্যদিকে, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরানের সঙ্গে তাদের কূটনৈতিক আলোচনা চলছে।

oooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সামাজিক সুরক্ষা প্রকল্প ‘অন্নপূর্ণা যোজনা’-র আজ আনুষ্ঠানিক সূচনা করেছেন। প্রথম পর্যায়ে প্রাপকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে আজ থেকেই তিন হাজার

টাকা করে পাঠানো শুরু হবে। এই প্রকল্পের মাধ্যমে প্রায় দু কোটি উপভোক্তা উপকৃত হবেন বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

নবান্নে বেলা সাড়ে ১২টায় উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নারী, শিশু বিকাশ ও সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল। একইসঙ্গে রাজ্যের সমস্ত ব্লক, পুরসভা এবং কলকাতা পুরনিগম এলাকায় ভার্চুয়াল মাধ্যমে হয় উদ্বোধনী কর্মসূচি। মুখ্যমন্ত্রীর কর্মসূচি ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের প্রতিটি ব্লক ও পুরসভার সঙ্গে সংযুক্ত ছিল। গোটা কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলাশাসকদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়।

উদ্বোধনের পরই প্রতিটি ব্লক ও পুরসভা এলাকায় নির্বাচিত ১০০ জন অন্নপূর্ণা যোজনা উপভোক্তার হাতে অনুমোদনপত্র বা স্যাংশন লেটার তুলে দেওয়া হবে। কলকাতা পুরনিগম এলাকাতেও একইভাবে ১০০ জন উপভোক্তাকে এই অনুমোদনপত্র প্রদান করা হবে। সংশ্লিষ্ট মহকুমাশাসক, বিডিও এবং পুর কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে উপভোক্তাদের তালিকা চূড়ান্ত করা হয়েছে বলে খবর। এই প্রকল্পে নাম নথিভুক্ত করার জন্য ৯০ দিন সময় দেওয়া হয়েছে। ২৫ থেকে ৬০ বছর বয়সী মহিলা উপভোক্তারা এই সুবিধা পাবেন।

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে পূর্ণাঙ্গ মন্ত্রিসভা আজ বৈঠকে বসবে। নবান্নে নির্ধারিত এই বৈঠকে স্বচ্ছ নিয়োগ নীতি, শিল্প সংক্রান্ত বিষয় ছাড়াও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

এদিকে, আজই নতুন মন্ত্রীদের দপ্তর বন্টন করা হবে। এই নিয়ে দলের সর্বভারতীয় নেতৃত্বের সঙ্গে আলোচনা করতে গতকাল দিল্লি যান, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

অন্যদিকে, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আজ নবান্ন সংলগ্ন সভাঘরে মুখ্যমন্ত্রী হাওড়া, দক্ষিণ চব্বিশ পরগনা এবং কলকাতার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের ৫৮ জন বিক্ষুব্ধ বিধায়কের  সমর্থন নিয়ে বিধানসভায় বিরোধী দলনেতা হওয়ার দাবি জানিয়েছেন দল থেকে বহিষ্কৃত বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়।মুখ্য সচেতক হিসাবে মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের বিধায়ক আখরুজ্জামানকে মনোনীত করেছেন বিক্ষুব্ধরা। এন্টালির বিধায়ক সন্দীপন সাহা, কসবার বিধায়ক জাভেদ খানের নাম উপ-নেতা হিসেবে প্রস্তাবিত হয়েছে বলে বিধানসভা সূত্রে জানা গেছে।

এদিন বিধানসভায় সশরীরে উপস্থিত ছিলেন ৫৮ জন। স্পিকারের কাছে দেওয়া চিঠিতে তাঁদেরই সই রয়েছে। পরে আরও ৬ জন বিধায়ক সই করবেন বলে স্পিকারকে জানানো হয়েছে বলেই দাবি।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণমন্ত্রী মনসুখ মান্ডভিয়া দেশের যুবকদের কাছে যাতায়াতের জন্য সাইকেল চালানোর আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, স্বাস্থ্য এবং পরিবেশের জন্য সাইকেল চালনা একটি অত্যন্ত উপযোগী বিষয়। আজ বিশ্ব বাইসাইকেল দিবস উপলক্ষে এক ভিডিও বার্তায় শ্রী মান্ডভিয়া বলেন, নিয়মিতভাবে সাইকেল চালানোর অভ্যাস মানুষের স্বাস্থ্যের পক্ষেও উপযোগী।

**(BYTE - MANSUKH MANDAVIYA)**

উল্লেখ্য, প্রতিবছর তেশরা জুন বিশ্ব বাইসাইকেল দিবস হিসেবে পালন করা হয়। এবছরের বাইসাইকেল দিবসের মূল ভাবনা হলো, পরিবেশ বান্ধব ভবিষ্যতের জন্য সাইকেল চড়ুন।

oooooooooooooooooooooooo

ভারত আজ মহিলাদের সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে, ভুটানের বিরুদ্ধে খেলবে। গোয়ার মারগাওয়ে জওহরলাল নেহেরু স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত আটটায়।

অপর সেমিফাইনালে বিকেল চারটেয় বাংলাদেশ নেপালের মুখোমুখি হবে। ভারত গ্রুপ পর্বে মালদ্বীপ ও বাংলাদেশকে হারিয়ে অপরাজিত থেকে সেমিফাইনালে পৌঁছেছে।ফাইনাল হবে শনিবার।

oooooooooooooooooooooo